দৈনিক
আমাদের অর্থনীতি

তারিখ 18 MAY 2017
পৃষ্ঠা 2 ... 6

# শিক্ষা খাতে উচ্চতর গবেষণার জন্য অর্থ পাচ্ছেন ১৬৬ গবেষক

নিজস্ব প্রতিবেদক ●

শিক্ষা খাতে উচ্চতর গবেষণার জন্য ১৬৬ গবেষকের হাতে আজ অর্থের চেক তুলে দেবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। সকালে জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম) মিলনায়তনে অনুষ্ঠেয় শিক্ষা খাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচিসংক্রান্ত কর্মশালায় এসব চেক হস্তান্তর করা হবে। শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, ২০১৬-১৭ অর্থবছরে শিক্ষা খাতে উচ্চতর গবেষণার জন্য ১৫ কোটি ৩৯ লাখ ৯২ হাজার টাকা বরাদ্দ ছিল। এর মধ্যে অর্থ বিভাগ থেকে ১৫ কোটি ১৬ লাখ ৯২ হাজার টাকার অনুমোদন হয়। এ পরিমাণ অর্থ গবেষকদের দেওয়া হবে। সাতটি গবেষণার ক্ষেত্র, যথা– গাণিতিক বিজ্ঞান, জীবনসম্পর্কিত বিজ্ঞান, ভৌত বিজ্ঞান, সামাজিক বিজ্ঞান, আইসিটি, মেরিন সায়েন্স, এসডিজি ও সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক গবেষণা। শিক্ষামন্ত্রী জানান, গবেষণার লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছে উচ্চতর গবেষণা পৃষ্ঠপোষকতার মাধ্যমে উন্নত জ্ঞান ও প্রযুক্তি আহরণ, উদ্ভাবন ও প্রয়োগের বিস্তৃতি সাধন করা এবং তা ফলপ্রসূভাবে কাজে লাগানো। তিনি বলেন, সর্বাধুনিক প্রযুক্তির ব্যবহার, অনুশীলন ও প্রয়োগিক দক্ষতাসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক বিজ্ঞানী, প্রযুক্তিবিদ এবং সমাজবিজ্ঞানী গড়ে তোলা। এছাড়া দেশজ সম্পদ ও মেধার অধিকতর কার্যকর ব্যবহারের মাধ্যমে সামগ্রিকভাবে উৎপাদন ব্যয় হ্রাস এবং প্রবৃদ্ধি অর্জন ত্বরান্বিত করা। বিশেষজ্ঞরা বলছেন, বাংলাদেশে উচ্চশিক্ষার বর্তমান ধারায়, বিশেষ করে বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে উপযুক্ত গবেষণার চর্চা না থাকায় দ্রুত দক্ষ জনশক্তি গড়ে তোলা সম্ভব হচ্ছে না। এ ধারা অব্যাহত থাকলে, উন্নত প্রযুক্তি এবং বিজ্ঞান কাজে লাগিয়ে নির্ধারিত সময়সীমার মধ্যে কাঙ্ক্ষিত লক্ষ্য ও অগ্রগতি অর্জন বিলম্বিত হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.......................
তারিখ.......................
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর